# <u>কৃষকদের উদ্দেশ্যে পশ্চিমী ঝঞ্ঝার প্রভাবে বৃষ্টিপাত সম্পর্কিত সতর্কবার্তা</u>

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র কলকাতা থেকে প্রাথমিক ভাবে জানানো হয়েছে যে, পশ্চিমী ঝঞ্ঝার কারণে আগামী **১১ই - ১৪ই জানুয়ারি ২০২২** পশ্চিমবঙ্গের জেলাগুলিতে বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। দক্ষিণ বঙ্গের জেলাগুলিতে ১১ ই জানুয়ারি হালকা এবং ১২ই - ১৪ই জানুয়ারি ২০২২ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। উত্তরবঙ্গের জেলাগুলিতে ১২ই - ১৪ই জানুয়ারি ২০২২ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত সহ কয়েকটি জায়গায় শিলাবৃষ্টিরও সতর্কবার্তা আছে।

**এমতাবস্থায় রাজ্যের কৃষকদের পরামর্শ দেওয়া হচ্ছে যে –**

**১।** আলু, সব্জী, তৈলবীজ সহ মাঠে থাকা অন্যান্য ফসলের জমি থেকে নালা কেটে জল বাহির করার ব্যবস্থা নিন।

**২।** বৃষ্টি ও শিলাবৃষ্টির ক্ষতি থেকে বাঁচাতে পরিণত ফল বা সবজি আগেই তুলে নিন।

**৩।** বৃষ্টির ফলে স্যাঁতস্যাঁতে আবহাওয়া থাকলে আলুর জমিতে নাবি ধসা হওয়ার সম্ভাবনা দেখা যায়। রোগহীন আলু গাছে প্রতিরোধক হিসাবে প্রতি ১৫ লিটার ট্যাংক পিছু ম্যানকোজেব (Mancozeb)৭৫% ডব্লিউ. পি. সাড়ে ৩৭ গ্রাম অথবা কপার অক্সিক্লোরাইড (Copper Oxychloride) ৫০% ডব্লিউ. পি .৬০ গ্রাম মিশিয়ে স্প্রে করুন।

**৪।** আলু গাছ নাবি ধসাতে আক্রান্ত হলে আগে উল্লিখিত ছত্রাক নাশক গুলি অথবা ১৫ লিটার ট্যাংক পিছু ডাইমিথমর্ফ (Dimethomorph) ৫০% ডব্লিউ. পি. ২০ গ্রাম অথবা সাইমক্সানিল (Cymoxanil) ও ম্যানকোজেব (Mancozeb)৬৪% এর মিশ্রণ ৪৫ গ্রাম , জলে মিশিয়ে স্প্রে করুন।

**৫।** বৃষ্টিপাতের আগে বা থামার পর, রোগহীন সব্জী ক্ষেতে ছত্রাক ঘটিত রোগের প্রতিরোধক (Prophylactic) হিসাবে প্রতি ১৫ লিটার ট্যাংক পিছু ম্যানকোজেব (Mancozeb)৭৫% ডব্লিউ. পি. সাড়ে ৩৭ গ্রাম অথবা ক্লোরথালোনিল (Chlorothalonil)৭৫% ডব্লিউ. পি. সাড়ে ৩৭ গ্রাম, জলে মিশিয়ে স্প্রে করুন। বৃষ্টিপাতের পর সব্জী ফসল রোগাক্রান্ত হলে সঠিক রোগ নির্ণয়ে ও নিরাময়ে কৃষি বিভাগের সহায়তা নিন।

**৬।** এই ধরনের আর্দ্র আবহাওয়ায় সরিষা ফসলে সাদা মরিচা রোগের প্রাদুর্ভাব দেখা দেওয়ার সম্ভাবনা থাকে। এই রোগে আক্রান্ত সরিষা ক্ষেতে প্রতি ১৫ লিটার ট্যাংক পিছু মেটাল্যাক্সিল (Metalaxyl) ৮% + ম্যানকোজেব (Mancozeb)৬৪% ডব্লিউ. পি. এর মিশ্রণ সাড়ে ৩৭ গ্রাম , জলে মিশিয়ে স্প্রে করুন।

**৭।** আবহাওয়ার পরবর্তী বুলেটিন গুলির প্রতি লক্ষ্য রেখে ফসলের ক্ষেতে ব্যবস্থা নিন।

কৃষি সংক্রান্ত যেকোনো সমস্যায় নিকটবর্তী কৃষি অফিসে যোগাযোগ করুন।

**কৃষি বিভাগ পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক জনস্বার্থে প্রচারিত।**